করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে, 12 বছর এবং তদূর্ধ্ব বয়সী ব্যক্তিদের জন্য ব্যবহার করতে কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5) সম্পর্কে গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত তথ্যপত্র

12 বছর বা তা বেশি বয়সী লোকজনের জন্য

আপনাকে কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5) অফার করা হয়েছে, এরপর থেকে বলা হবে - SARS-CoV-2 দ্বারা সৃষ্ট করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট।

গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য এই ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত তথ্যপত্রটি, অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্টের তথ্যপত্র নিয়ে তৈরি এবং এতে যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA)-এর লাইসেন্সপ্রাপ্ত ভ্যাকসিন, কোভিড-19 ভ্যাকসিন, mRNA সম্পর্কিত তথ্য রয়েছে, যেগুলো 12 বছর ও তদূর্ধ্ব[1] ব্যক্তিদের ক্ষেত্রে ব্যবহার করা যাবে।

জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদনের (EUA) অধীনে FDA থেকে অনুমোদনপ্রাপ্ত কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনটি 12 বছর ও তদূর্ধ্ব বয়সী লোকজনের জন্য, যখন সেগুলো তাদের স্ব স্ব ব্যবহারের নির্দেশনা অনুযায়ী তৈরি করা হয়, তখন সেগুলো একটির পরিবর্তে অন্যটি ব্যবহার করা যাবে।[2]

কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) হলো FDA-অনুমোদিত একটি কোভিড-19 ভ্যাকসিন, যেটি বায়োনটেক-এর জন্য ফাইজার তৈরি করেছে। এটি 12 বছর বা তার বেশি বয়সী লোকজনের ক্ষেত্রে কোভিড-19 প্রতিরোধের জন্য 2-ডোজের সিরিজ হিসেবে অনুমোদন করা হয়েছে। এটি EUA-এর অধীনে নিম্নলিখিত ক্ষেত্রগুলোর জন্যও অনুমোদন করা হয়েছে:

- 12 বছর বা তদূর্ধ্ব বয়সী, যারা নির্দিষ্ট ধরনের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বলে নির্ধারিত হয়েছেন, তাদের জন্য তৃতীয় একটি সিরিজ ডোজ;

নিম্নলিখিত উদ্দেশ্যে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন FDA থেকে EUA গ্রহণ করেছে:

- **12 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদেরকে একটি 2-ডোজের প্রাথমিক সিরিজ দিতে;**
- **12 বছর বা তদূর্ধ্ব বয়সী, যারা নির্দিষ্ট ধরনের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বলে নির্ধারিত হয়েছেন, তাদের জন্য তৃতীয় একটি সিরিজ ডোজ;**

নিম্নলিখিত যেকোনো একটি উদ্দেশ্যে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট FDA থেকে EUA গ্রহণ করেছে:

- **12 বছর এবং তার বেশি বয়সী লোকজন, যারা কোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিন-এর মাধ্যমে একটি প্রাথমিক টিকাগ্রহণ সম্পন্ন করার পরে কমপক্ষে 2 মাস অতিক্রান্ত হয়েছে তাদের জন্য একটি একক বুস্টার ডোজ; বা**
- **12 বছর এবং তার বেশি বয়সী লোকজন, যারা কোনো অনুমোদিত মনোভ্যালেন্ট[3] কোভিড-19 ভ্যাকসিন-এর মাধ্যমে সর্বসাম্প্রতিক বুস্টার ডোজ গ্রহণ করার পরে কমপক্ষে 2 মাস অতিক্রান্ত হয়েছে তাদের জন্য একটি একক বুস্টার ডোজ।**

ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত এই তথ্যপত্রটিতে এমন তথ্য থাকবে যার ফলে আপনি কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর ঝুঁকি ও সুবিধাদি বোঝাতে সক্ষম হবেন, যেগুলো আপনি বর্তমানে চলমান
কোভিড-19 অতিমারীর কারণে গ্রহণ করতে পারেন। কোনও প্রশ্ন থাকলে আপনার ভ্যাকসিন সরবরাহকারীর সঙ্গে কথা বলুন।

এই তথ্যপত্রটি পরিমার্জন করা হতে পারে। সাম্প্রতিক তথ্যপত্র পেতে, অনুগ্রহ করে www.cvdvaccine.com দেখুন।

---

[1] আপনার শিশুর বয়স 11 বছর হলেও আপনি ভ্যাকসিনের তথ্য সম্বলিত এই তথ্যপত্রটি পেতে পারেন। প্রাথমিক বিধানের দুটি ডোজের মধ্যে যেসকল শিশু 11 বছর থেকে 12 বছরে পদার্পণ করে, তারা প্রাথমিক বিধানের যেকোনো ডোজের জন্য যেকোনো একটি গ্রহণ করতে পারে: (1) 5 থেকে 11 বছর বয়সী শিশুর ব্যবহারের জন্য অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন; অথবা (2) 12 বছর বা তার বেশি বয়সী শিশুর জন্য অনুমোদিত কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন।

[2] যখন ব্যবহারের জন্য নিজেদের স্ব স্ব নির্দেশনা অনুযায়ী তৈরি করা হয়, তখন নিরাপত্তা বা কার্যকারিতা সম্পর্কিত কোনো উদ্বেগ ছাড়াই 12 বছর ও তদূর্ধ্ব বয়সী লোকজনের জন FDA-অনুমোদিত কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং EUA-অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন একটির পরিবর্তে আরেকটি ব্যবহার করা যাবে।

[3] মনোভ্যালেন্ট বলতে যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনকে বোঝায়, যাতে শুধুমাত্র মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন থাকে বা এনকোড করা হয়।

আপনি এই ভ্যাকসিনগুলোর কোনো একটি পেতে আপনার কী জানা উচিত

কোভিড-19 কী?

COVID-19 রোগটি SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা হয়। এই ভাইরাসে আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এলে আপনি COVID-19-এ আক্রান্ত হতে পারেন। এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। COVID-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরনের উপসর্গের বিষয় রিপোর্ট করা হয়েছে, যার মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে তীব্র অসুস্থতাজনিত মৃত্যুও অন্তর্ভুক্ত রয়েছে। ভাইরাসে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলি দেখা দিতে পারে। এই সব লক্ষণের মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা লাগা; কাশি; নিঃশ্বাস-প্রশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না-পাওয়া; গলা ব্যথা; সর্দি বসা বা সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কিভাবে সম্পর্কিত?

কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) ও ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন যখন তাদের স্ব স্ব নির্দেশনা অনুযায়ী তৈরি করা হয় তখন সেগুলো একটির স্থলে অন্যটি ব্যবহার করা যাবে। ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কমির্টেনি ও ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনের মতো করেই তৈরি করা হয়, তবে SARS-CoV-2-এর অমিক্রন প্রজাতির কারণে সৃষ্ট কোভিড-19 প্রতিরোধ করতে এতে একটি অমিক্রন উপাদানও ব্যবহার করা হয়।

EUA-র আরও তথ্যের জন্য এই তথ্যপত্রের শেষ অংশে “**ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?**” দেখুন।

আপনি এই ভ্যাকসিনগুলোর কোনো একটি নেওয়ার পূর্বে আপনাকে আপনার ভ্যাকসিন প্রদানকারীর কাছে কী উল্লেখ করা উচিত?

আপনার স্বাস্থ্য সংক্রান্ত সকল অবস্থা সম্পর্কে ভ্যাকসিন সরবরাহকারীকে বলুন, তার মধ্যে যদি:

- কোনো অ্যালার্জি আছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশীতে যন্ত্রণা) অথবা পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) হয়ে থাকে
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা আছে কি না অথবা রক্ত পাতলা হয় কি না
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল কি না অথবা এমন কোনও ঔষধ ব্যবহার করেন কি না যার প্রভাব রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- আপনি গর্ভবতী কি না অথবা সন্তান ধারণের পরিকল্পনা করছেন কি না
- বুকের দুধ খাওয়ান কি না
- অন্য COVID-19 ভ্যাকসিন নিয়েছেন কি না
- কখনও কোনও ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়েছেন কি না

এই ভ্যাকসিনগুলো কিভাবে দেওয়া হয়?
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট বা কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) মাংশপেশিতে ইনজেকশনের মাধ্যমে দেওয়া হবে।

প্রাথমিক সিরিজ: ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) প্রাথমিক সিরিজের জন্য দএয়া হয়ে থাকে। ভ্যাকসিন প্রদান করা হয়
3 সপ্তাহ পরপর, 2-ডোজের সিরিজ হিসেবে। যেসকল লোকের নির্দিষ্ট ধরনের রোগ প্রতিরোধ সম্পর্কিত জটিলতা রয়েছে তাদের ক্ষেত্রে দ্বিতীয় ডোজ নেওয়ার কমপক্ষে 4 সপ্তাহ পরে তৃতীয় প্রাথমিক সিরিজের একটি ডোজ দেওয়া হয়।

বুস্টার ডোজ: ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একটি একক বুস্টার ডোজ হিসেবে দেওয়া হয়, নিচের যেকোনো একটি ক্ষেত্রের কমপক্ষে 2 মাস পরে:

- যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে প্রাথমিক টিকা গ্রহণ সম্পন্ন হওয়ার পরে; বা
- যেকোনো অনুমোদিত মনোভ্যালেন্ট কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে সর্বশেষ বুস্টার ডোজ গ্রহণের পর।

ভ্যাকসিন সকলকে সুরক্ষা নাও দিতে পারে।

কার কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ করা উচিত নয়?
আপনার এই ভ্যাকসিনগুলোর কোনটি গ্রহণ করা উচিত নয়, যদি আপনার:

- কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে
- এই ভ্যাকসিনগুলোতে থাকা যেকোনো উপাদানের ক্ষেত্রে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া থেকে থাকে।

এই ভ্যাকসিনগুলোর উপাদানগুলো কী কী?
কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এ নিম্নলিখিত উপাদানগুলো থাকে:

- mRNA এবং লিপিড (((4-hydroxybutyl)azanediyl)bis(hexane-6,1-diyl)bis (2- hexyldecanoate), 2 [(polyethylene glycol)-2000]-N,N-ditetradecylacetamide, 1,2-Distearoyl-sn-glycero-3-phosphocholine, এবং কোলেস্টোরল)।

12 বছর ও তদূর্ধ্ব লোকজনের জন্য তৈরি ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনে অতিরিক্ত উপাদানের নিম্নলিখিত 1টি সেট থাকে; কোন সংস্করণ দেওয়া হচ্ছে তা আপনার ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞেস করুন:

- পটাশিয়াম ক্লোরাইড, মনোবেসিক পটাশিয়াম ফসফেট, সোডিয়াম ক্লোরাইড, ডাইবেসিক সোডিয়াম ফসফেট ডিহাইড্রেট এবং সুক্রোজ

অথবা

- ট্রোমেথামাইন, ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড ও সুক্রোজ

12 বছর ও তদূর্ধ্ব বয়সী ব্যক্তিদের জন্য তৈরি ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এ নিম্নলিখিত অতিরিক্ত উপাদানগুলো থাকে:

- ট্রোমেথামাইন, ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড ও সুক্রোজ

কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA)-এ অতিরিক্ত উপাদানের নিম্নলিখিত 1টি সেট থাকে; কোন সংস্করণ দেওয়া হচ্ছে তা আপনার ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞেস করুন:

- পটাশিয়াম ক্লোরাইড, মনোবেসিক পটাশিয়াম ফসফেট, সোডিয়াম ক্লোরাইড, ডাইবেসিক সোডিয়াম ফসফেট ডিহাইড্রেট এবং সুক্রোজ

অথবা

- ট্রোমেথামাইন, ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড ও সুক্রোজ

এই ভ্যাকসিনগুলো কি পূর্বে ব্যবহার করা হয়েছিল?

ক্লিনিক্যাল ট্রায়ালে, 12 বছর বা তার বেশি বয়সী আনুমানিক 23,000 জন ব্যক্তি ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনের কমপক্ষে 1টি ডোজ গ্রহণ করেছেন। ডিসেম্বর 11, 2020 তারিখ থেকে EUA-এর অধীনে লক্ষ লক্ষ লোককে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন দেওয়া হয়েছে।

ক্লিনিক্যাল ট্রায়ালে, 55 বছরের বেশি আনুমানিক 300 জন ব্যক্তিকে বাইভ্যালেন্টের একটি ডোজ দেওয়া হয়েছে; এই বাইভ্যালেন্টে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট থেকে ভিন্ন একটি অমিক্রনের উপাদান থাকে।

এই ভ্যাকসিনগুলোর সুবিধাদি কী কী?

কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন কোভিড-19 প্রতিরোধ দেখিয়েছে। FDA ফাইজার/বায়োনটেককে অনুমোদন দিয়েছে SARS-CoV-2-এর অমিক্রন রূপের কারণে সৃষ্ট কোভিড-19-এর বিরুদ্ধে কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট আরও ভালো সুরক্ষা দিয়ে থাকে।

কোভিড-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

এই ভ্যাকসিনগুলোর ঝুঁকিসমূহ কী কী?

এই ভ্যাকসিনগুলোর কারণে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হওয়ার যৎসামান্য সম্ভাবনা রয়েছে। সাধারণত ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে 1 ঘন্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে আপনার ভ্যাকসিন সরবরাহকারী আপনাকে টিকা দেওয়ার পরে পর্যবেক্ষণের জন্য ভ্যাকসিন নেওয়ার স্থানে থাকতে বলতে পারেন। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন গ্রহণকারী কিছু কিছু লোকের মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ) এবং পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ) হয়েছে, নারী ও বয়স্ক পুরুষের তুলনায় কিশোর ও 40 বছরের কম বয়সী প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে অনেক বেশি হয়েছে। এই লোকজনের অনেকের ক্ষেত্রে, ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার কয়েক দিনের মধ্যে উপসর্গগুলো দেখা দেয়। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন নেওয়ার পর যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি আপনার দেখা দেয় তবে দ্রুত চিকিৎসা করানো উচিত।

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণে সমস্যা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

এই ভ্যাকসিনগুলোর যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- মারাত্মক নয় এমন অ্যালার্জিক প্রতিক্রিয়া যেমন ফুসকুড়ি, চুলকানি, লাল হয়ে ফুলে যাওয়া বা মুখমণ্ডল ফুলে যাওয়া
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ইনজেকশন দেওয়ার স্থানে ব্যথা হওয়া
- ক্লান্তি
- মাথা ব্যথা
- পেশীর ব্যথা
- ঠান্ডা লাগা
- গাঁটে ব্যথা
- জ্বর
- ইনজেকশন দেওয়ার স্থান ফুলে ওঠা
- ইনজেকশন দেওয়ার স্থান লাল হওয়া
- বমিভাব
- অসুস্থ বোধ হওয়া
- লিম্ফ নোড ফুলে যাওয়া (লিম্ফ্যাডেনোপ্যাথি)
- ক্ষুধামন্দা
- পাতলা পায়খানা
- বমি হওয়া
- হাতে ব্যথা হওয়া
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্ছা যাওয়া
- মাথাঘোরা

শুধুমাত্র এগুলোই এই ভ্যাকসিনগুলোর পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়াও দেখা দিতে পারে। এই ভ্যাকসিনগুলোর সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে এখনও গবেষণা চলমান রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?
যদি আপনার তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয়, তবে 9-1-1-এ কল করুন বা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার এমন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় যা আপনাকে বিরক্ত করে বা যা দূর হচ্ছে না, তবে ভ্যাকসিন প্রদানকারীকে অথবা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

ভ্যাকসিন সম্পর্কিত পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে FDA/CDC ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)-এর কাছে রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়। অনুগ্রহ করে রিপোর্ট ফর্মের বক্স #18-এর প্রথম লাইনে "COMIRNATY (COVID-19 Vaccine, mRNA)", "Pfizer-BioNTech COVID-19 Vaccine EUA", বা "Pfizer-BioNTech COVID-19 Vaccine, Bivalent EUA" (যেটি উপযুক্ত হয়) লিখুন।

এছাড়াও, নীচে দেওয়া ঠিকানায় Pfizer Inc.-কে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারেন।

ওয়েবসাইট	ফ্যাক্স নম্বর	টেলিফোন নম্বর
www.pfizersafetyreporting.com	1-866-635-8337	1-800-438-1985

আপনাকে V-safe-এ নাম নথিভুক্ত করার একটি সুযোগও দেওয়া হতে পারে। V-safe হলো একটি ঐচ্ছিক স্মার্টফোন-ভিত্তিক উপকরণ, যা কোভিড-19 ভ্যাকসিন গ্রহণের পর গ্রহীতার সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে জানতে টেক্সট মেসেজিং ও ওয়েব সমীক্ষা পরিচালনা করে থাকে। V-safe-এর প্রশ্নাবলীর সহায়তায় COVID-19-এর সুরক্ষার বিষয়টি CDC পর্যবেক্ষণ করতে পারে। দ্বিতীয় ডোজের প্রয়োজন হলে V-safe তার জন্য রিমাইন্ডারও দিতে পারে এবং যদি অংশগ্রহণকারী কোভিড-19 ভ্যাকসিন গ্রহণের পর স্বাস্থ্য সম্পর্কিত গুরুতর প্রভাব সম্পর্কে রিপোর্ট করে থাকেন, তবে CDC সরাসরি টেলিফোনে ফলোআপ করতে পারে। কীভাবে সাইন আপ করতে হয় সে বিষয়ে আরও তথ্যের জন্য, www.cdc.gov/vsafe দেখুন।

আমি যদি কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ না করার সিদ্ধান্ত নেই তবে কী হবে?
EUA-এর অধীনে, এই ভ্যাকসিনগুলোর কোনোটি গ্রহণ করা বা না করা আপনার সিদ্ধান্ত। আপনি যদি এই ভ্যাকসিনগুলোর কোনটি গ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তবে এটি আপনার স্বাভাবিক চিকিৎসা সেবায় কোনো পরিবর্তন আনবে না।

কোভিড-19 প্রতিরোধে কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর পাশাপাশি অন্য কোনো বিকল্প আছে কি?

প্রাথমিকভাবে ভ্যাকসিন গ্রহণের জন্য, কোভিড-19 প্রতিরোধে FDA-অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনের আরেকটি বিকল্প হলো স্পাইকভ্যাক্স (কোভিড-19 ভ্যাকসিন, mRNA)। কোভিড-19 প্রতিরোধে অন্যান্য ভ্যাকসিনগুলো EUA-এর অধীনে উপলভ্য হতে পারে, যার মধ্যে বাইভ্যালেন্ট ভ্যাকসিন রয়েছে, যাতে SARS-CoV-2-এর একটি অমিক্রন উপাদান রয়েছে।

আমি কি অন্যান্য ভ্যাকসিন গ্রহণের সময়েই কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ করতে পারি?

অন্যান্য ভ্যাকসিনের সাথে একই সময়ে কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট দেওয়ার ব্যাপারে FDA-তে এখনও তথ্য জমা দেওয়া হয়নি। আপনি যদি অন্যান্য ভ্যাকসিনের সাথে কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA), ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণের বিষয়টি বিবেচনা করেন, তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পসমূহ নিয়ে আলোচনা করুন।

আমার যদি রোগ প্রতিরোধক ক্ষমতা কম হয়?

আপনার যদি রোগ প্রতিরোধ ক্ষমতায় কোনো সমস্যা থেকে থাকে, তবে আপনি ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA)-এর একটি তৃতীয় প্রাথমিক সিরিজের ডোজ নিতে পারেন। 12 বছর এবং তদূর্ধ্ব বয়সী লোকজন একটি বুস্টার ডোজ নিতে পারেন ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর মাধ্যমে। রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন লোকজন ভ্যাকসিন নেওয়ার পরও কোভিড-19 থেকে পূর্ণ সুরক্ষা নাও পেতে পারেন এবং কোভিড-19 প্রতিরোধে সাহায্য করতে আপনাকে শারীরিক সতর্কতা বজায় রাখা অব্যাহত রাখতে হবে। আপনার ঘনিষ্ঠ পরিচিতদের যথাযথভাবে টিকা নিয়ে নেওয়া উচিত।

আমি যদি সন্তানসম্ভবা হই বা শিশুকে স্তন্যপান করাই?

যদি আপনি গর্ভবতী হন বা বুকের দুধ পান করান, তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

এই ভ্যাকসিনগুলোর কারণে কি আমার কোভিড-19 হবে?

না। এই ভ্যাকসিনগুলোতে SARS-CoV-2 থাকে না এবং কোভিড-19 সৃষ্টি করতে পারে না।

আপনার ভ্যাকসিন কার্ড সঙ্গে রাখুন

আপনি যখন প্রথম আপনার কোভিড-19 ভ্যাকসিন পাবেন, তখন আপনি একটি ভ্যাকসিন কার্ড পাবেন। আবার আসার সময় আপনার কার্ডটি আনতে ভুলবেন না।

অতিরিক্ত তথ্য

আপনার কোনও প্রশ্ন থাকলে ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে ফোন করুন।

অতি সাম্প্রতিক তথ্যপত্র দেখার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

আন্তর্জাতিক ওয়েবসাইট	টেলিফোন নম্বর
www.cvdvaccine.com	1-877-829-2619 (1-877-VAX-CO19)

আমি কিভাবে আরও জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC-তে যান।
- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm- legal-regulatory-and-policy-framework/emergency-use-authorization ঠিকানায় FDA ভিজিট করুন।
- আপনার স্থানীয় অথবা স্টেটের স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করুন।

আমার ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?

ভ্যাকসিন সরবরাহকারী আপনার রাজ্য / স্থানীয় আইনগত টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনাকে ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। IISs সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html ভিজিট করুন।

কোভিড-19-এর এই ভ্যাকসিনগুলো পেতে আমার উপর কি ভ্যাকসিন প্রদান ফি আরোপ করা হবে?

না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন প্রদানকারীগণ ভ্যাকসিন গ্রহণকারীর জন্য কোভিড-19 ভ্যাকসিন প্রদানের ফি অন্তর্ভুক্ত করে এমন কোনো প্রোগ্রাম বা প্ল্যানের কাছ থেকে উপযুক্ত ব্যয়-পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেইড, হেলথ রিসোর্সেস অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন [HRSA] কোভিড-19 অবিমাকৃত প্রোগ্রাম, বিমা-বিহীন গ্রহীতাদের জন্য)।

সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?

CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের পূর্বশর্তগুলোর যে কোনও সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে অবহিত হওয়া ব্যক্তিদের ইনস্পেক্টর জেনারেল, ইউএস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর অফিসে নিম্নলিখিত নম্বর বা ঠিকানায় জানাতে উৎসাহিত করা হয়: 1-800-HHS-TIPS বা https://TIPS.HHS.GOV।

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?

কাউন্টারমেজার্স ইনজুরি কম্পেনসেশন প্রোগ্রাম (CICP) হলো একটি ফেডারেল কর্মসূচী, যা এই ভ্যাকসিনগুলো সহ কিছু নির্দিষ্ট ঔষধপত্র বা ভ্যাকসিনের ফলে গুরুতরভাবে আহত হওয়া লোকজনের চিকিৎসা সেবা ও অন্যান্য সুনির্দিষ্ট ব্যয় নির্বাহের জন্য ব্যয় পরিশোধে সাহায্য করতে পারে। সাধারণত,
এক (1) বছরের মধ্যে CICP-কে একটি দাবি জমা দিতে হবে ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে। এই প্রোগ্রাম সম্পর্কে জানতে www.hrsa.gov/cicp/ ভিজিট করুন অথবা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?

EUA হলো বর্তমান কোভিড-19 অতিমারী প্রাদুর্ভাবের মতো গণ স্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতিতে ভ্যাকসিনের মতো চিকিৎসা পণ্যের উপলভ্যতা ও ব্যবহার সহজ করার একটি প্রক্রিয়া। হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS)-এর সচিবের একটি ঘোষণা দ্বারা EUA-কে সমর্থন করা হয়, যেখানে কোভিড-19 অতিমারীর সময় জরুরি ভিত্তিতে ঔষধ ও জীবতত্ত্বিক বা বায়োলজিক্যাল পণ্য ব্যবহারের মতো পরিস্থিতি রয়েছে বলে উল্লেখ করা হয়। জরুরি অবস্থায় ব্যবহার করার জন্য অনুমোদিত পণ্যটি FDA-অনুমোদিত কোনো পণ্যের মতো একই ধরণের পর্যালোচনার মধ্য দিয়ে যায় না।

কিছু নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA ইস্যু করতে পারে, যার মধ্যে রয়েছে, কোনো পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বিদ্যমান বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে নেওয়া হয়, যেখানে দেখা যায় যে, কোভিড-19 অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধে পণ্যটি কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাদি, জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিসমূহ থেকে বেশি হতে। কোভিড-19 অতিমারির সময় পণ্যটির ব্যবহারের অনুমতি দিতে এই সকল মানদণ্ড অবশ্যই পূরণ করতে হবে।

অবসান বা বাতিল না করা পর্যন্ত, এই পণ্যটির জরুরি ব্যবহারকে ন্যায্যতা প্রতিপাদন করে কোভিড-19 EUA ঘোষণাটি বর্তমানে কার্যকর রয়েছে (যার পরে পণ্যটি হয়তো আর ব্যবহার করা নাও হতে পারে)।

BIONTECH

যার জন্য প্রস্তুত করা হয়েছে

BioNTech Manufacturing GmbH
An der Goldgrube 12
55131 Mainz, Germany

Pfizer

প্রস্তুতকারী

Pfizer Inc., New York, NY 10017

LAB-1451-23.1c

সংশোধিত: 8 ডিসেম্বর 22

এই তথ্যপত্রটি যে ইলেকট্রনিক মেডিক্যাল রেকর্ড/টিকাদান তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহণকারীকে প্রদান করা হয়েছে তা ধারণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000332